রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জুন ৪, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**জাতীয় রাজস্ব বোর্ড**

**[ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক ]**

**প্রজ্ঞাপন**

তারিখ: **২০** জ্যৈষ্ঠ, ১৪২৪ বঙ্গাব্দ / ০৩ জুন, ২০১৭ খ্রিস্টাব্দ

**নং-০৮.০১.০০০০.০৬৮.১৬.০০১.১৭/১৪-মূসক/২০১৭।**—মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) অত:পর আইন বলিয়া উল্লিখিত এর দ্বিতীয় তফসিলের দ্বিতীয় খন্ডের টেবিলের কলাম (১) এ বর্ণিত The Customs Act, 1969 এর First Schedule এর শিরনামা সংখ্যা ২৪.০২ এবং উহার বিপরীতে কলাম (২) এ বর্ণিত সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড এবং কলাম (৩) এ উল্লিখিত 'তামাকযুক্ত সিগারেট' এর মূল্য ও উহার বিপরীতে কলাম (৪) এ বর্ণিত সম্পূরক শুল্ক আদায়ের উদ্দেশ্য পূরণকল্পে, ধারা ৫৮ এর সহিত পঠিতব্য এবং ধারা ১৩৫ এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, নিম্নরূপ বিধি প্রণয়ন করিল, যথা:—

১। স্থানীয়ভাবে উৎপাদিত সিগারেটের ক্ষেত্রে 'দেশিয় ব্রান্ডের সিগারেট' ও আন্তর্জাতিক ব্রান্ডের সিগারেট' এর সংজ্ঞা/পরিচিতি/আওতা/পরিসর হইবে নিম্নরূপ, যথা:-

(ক) **"দেশিয় ব্রান্ডের সিগারেট"** বলিতে স্থানীয়ভাবে উৎপাদিত নিম্নস্তরের এইরূপ ব্রান্ডের সিগারেটকে বুঝাইবে যাহা বাংলাদেশের ভৌগলিক সীমারেখার বাহিরে অন্য কোনো দেশে উক্ত একই ব্রান্ড নামে উৎপাদিত ও বাজারজাত হয় না বা অতীতে উৎপাদিত ও বাজারজাত হইত না।

(খ) **"আন্তর্জাতিক ব্রান্ডের সিগারেট"** বলিতে স্থানীয়ভাবে উৎপাদিত নিম্নস্তরের এইরূপ ব্রান্ডের সিগারেটকে বুঝাইবে যাহা বাংলাদেশের ভৌগলিক সীমারেখার বাহিরে অন্য কোনো দেশে উক্ত একই ব্রান্ড নামে উৎপাদিত ও বাজারজাত হয় বা অতীতে উৎপাদিত ও বাজারজাত হইত।


**মূল্য ঃ** টাকা ৮.০০

২। (১) সিগারেট উৎপাদক বা আমদানিকারক **"পরিশিষ্ট-ক"** ফরমে সিগারেটের ব্র্যান্ডের নাম, ব্র্যান্ডের উৎস, মূল্যসহ সিগারেট উৎপাদনের জন্য ক্রয়কৃত সকল উপকরণ মূল্য, যাবতীয় ব্যয় ও তৎকর্তৃক প্রযোজ্য ক্ষেত্রে, প্রদত্ত কমিশন, চার্জ, ফি ও সম্পূরক শুল্কসহ সকল শুল্ক ও কর (মূল্য সংযোজন কর ব্যতীত), মুনাফা অন্তর্ভুক্ত করিয়া কমিশনারের নিকট অবিলম্বে একটি ঘোষণা প্রদান করিবেন। কমিশনার উক্ত ঘোষণায় কোনো পরিবর্তন বা সংশোধনী আনয়নের ক্ষেত্রে উৎপাদক বা আমদানিকারক প্রতিষ্ঠানকে যুক্তিসঙ্গত শুনানির সুযোগ প্রদান করিয়া ঘোষণা প্রদানের ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে তাহার সিদ্ধান্ত প্রদান করিবেন। কমিশনার কর্তৃক অনুমোদিত মূল্য উৎপাদক বা আমদানিকারক এর মূল্য ঘোষণার তারিখ হইতে কার্যকর হইবে।

(২) উৎপাদক প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত ঘোষণায় সংশ্লিষ্ট ব্রান্ডের সিগারেটের উৎস অর্থাৎ পৃথিবীর অন্য কোনো দেশে সংশ্লিষ্ট ব্রান্ডের সিগারেটের উৎপাদন/বাজারজাত সংক্রান্ত প্রকৃত তথ্য প্রদান না করিলে সেই ক্ষেত্রে তাহা আইনের ধারা ৮৬ অনুসারে দন্ডনীয় হইবে।

(৩) কোন সিগারেট উৎপাদক বা আমদানিকারক উল্লিখিত **পরিশিষ্ট-ক** এ বর্ণিত ঘোষণায় উল্লিখিত পণ্যের করযোগ্য মূল্যভিত্তির মধ্যে অন্তর্ভুক্ত নহে এইরূপ উপকরণের বিপরীতে পরিশোধিত মূল্য সংযোজন কর রেয়াত গ্রহণ করিতে পারিবেন না।

**পরিশিষ্ট-ক**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা

উপকরণ/উৎপাদ সম্পর্ক বা সহগ ও মূল্যভিত্তি ঘোষণাপত্র
[ অনুচ্ছেদ ৪ এর উপ-অনুচ্ছেদ (৩) দ্রষ্টব্য ]

১। সিগারেট উৎপাদনকারীর নাম:
২। ঠিকানা:
৩। নিবন্ধন সংখ্যা:
৪। এলাকা কোড:

৫। ঘোষণা নম্বর ........... /বৎসর
৬। টেলিফোন নম্বর:
৭। ফ্যাক্স নম্বর:

| ক্রমিক সংখ্যা | পণ্যের নাম ও বিবরণ (সিগারেটের ব্র্যান্ড নাম ও উৎস) | সরবরাহ/ বিক্রয়ের একক | সিগারেট উৎপাদনে ব্যবহার্য উপকরণ/ কাঁচামাল এবং প্যাকিং সামগ্রীর নাম ও বিবরণ | উৎপাদনে ব্যবহার্য অপচয়সহ উপকরণ/ কাঁচামাল ও প্যাকিং সামগ্রীর পরিমাণ (অপচয়ের পরিমাণ প্রথম বন্ধনীর মধ্যে আলাদাভাবে উল্লেখ করিতে হইবে) | কলাম (৫) এ বর্ণিত উপকরণ বা প্যাকিং সামগ্রীর মূল্য (আমদানিকৃত হলে শুল্কায়নযোগ্য মূল্য+শূল্ক+ সম্পূরক শুল্ক+এলসি ফি+ অবকাঠামো উন্নয়ন সারচার্জ/ স্থানীয় উৎপাদিত হইলে সম্পূরক শুল্কসহ মোট ক্রয়মূল্য (প্রদত্ত মূসক ব্যতীত)/ আবগারি পণ্য হইলে আবগারি শুল্কসহ মোট মূল্য/ মূসক অব্যাহতিপ্রাপ্ত হইলে মোট ক্রয়মূল্য) | মূল্য সংযোজনের খাত/ আইটেমের নাম | প্রতি একক সিগারেটের মূল্যে কলাম (৭) এ উল্লিখিত প্রতিটি আইটেম বা খাতের অবদান/মূল্য সংযোজনের পরিমাণ | সম্পূরক শুল্ক আরোপযোগ্য মূল্য কলাম (৬) ও (৮) এর যোগফল | | কলাম (১০) এ প্রস্তাবিত মূল্যের ওপর সম্পূরক শুল্কের পরিমাণ | মূসক আরোপযোগ্য মূল্য [কলাম (১০) + কলাম (১১)] | | শুল্ক ও করসহ বিক্রয়মূল্য | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | বর্তমান | প্রস্তাবিত | | বর্তমান | প্রস্তাবিত | পাইকারী | মুদ্রিত খুচরা মূল্য |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) | (১১) | (১২) | (১৩) | (১৪) | (১৫) |
| | | | | | | | | | | | | | | |

১। কলাম (৬),(৭) ও (৮) এ প্রদত্ত তথ্যের সমর্থনে অনুচ্ছেদ ১১ মোতাবেক বা প্রযোজ্য অন্যান্য প্রামাণিক দলিলাদি এই ঘোষণাপত্রের সহিত সংযুক্ত করা হইয়াছে।

২। আমি এইমর্মে অঙ্গীকার করিতেছি যে, কর ধার্যের জন্য উপর্যুক্ত মূল্যভিত্তি সম্পর্কিত সকল তথ্য সত্য ও যথাযথ এবং ইহা নির্ধারণের সমর্থনে সকল দলিলাদি আমার এখতিয়ারে আছে।

৩। উল্লিখিত বিধিমালার অনুচ্ছেদ ৪ এর উপ-অনুচ্ছেদ (৩) এ বর্ণিত পরিস্থিতির আলোকে মূল্য সংযোজন কর কর্তৃপক্ষ কর্তৃক পরিচালিত কোনো তদন্তে বা জরিপে উপরি-উক্ত ঘোষিত মূল্যভিত্তি অসংগতিপূর্ণ বা কম প্রতীয়মান হওয়ার ক্ষেত্রে উক্ত কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত মূল্যভিত্তি অনুযায়ী ঘোষণা প্রদানের তারিখ হইতে প্রদেয় কর প্রদানে আমি বাধ্য থাকিব।

**তারিখ:**

**নিবন্ধিত সিগারেট উৎপাদনকারী প্রতিষ্ঠানের ব্যক্তি/ব্যবস্থাপনা কর্তৃপক্ষের স্বাক্ষর ও সিল**

**জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,**

**মোঃ নজিবুর রহমান**
চেয়ারম্যান।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd